

2 0 1 8

BENGALI

( Major )

Paper : 1.2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×১০=১০

(ক) “স্বেদ-মকরন্দ বিন্দু বিন্দু চূয়ত  
বিকশিত ভাব-কদম্ব ॥”

এটি কোন্ পর্যায়ের পদ ?

(খ) “মেঘ যামিনী অতি ঘন আকিয়ার ।”

পদটির রচয়িতা কে ?

(গ) “অকুর তপন- তাপে যদি জারব  
কি করব বারিদ মেহে ॥”

‘মেহে’ শব্দের অর্থ লেখো ।

(ঘ) “সই কেবা শুনাইল শ্যাম নাম ।”

পদটি কোন্ পর্যায়ের ?

(ঙ) “রূপের পাথারে \_\_\_\_\_ ডুবি সে রহিল ।”

(শূন্যস্থান পূর্ণ করো)

(চ) “মেঘ দেখিলেই মাত্র হয় অচেতন ।”

এখানে কার কথা বলা হয়েছে ?

- (ছ) মহাপ্রভুর প্রথমা স্ত্রীর নাম কী ?
- (জ) “মৌড়েশ্বর গোসাঞির হইল গর্জন।”  
‘মৌড়েশ্বর গোসাঞি’ কে ?
- (ঘ) কোথায় শ্রীবাস পণ্ডিত জন্মগ্রহণ করেছিলেন ?
- (ঞ) “প্রভুর প্রভাবে গুপ্ত পরম পণ্ডিত।”  
এখানে ‘গুপ্ত’ কে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) গদ্যরূপ নির্দেশ করো :

বিজুরি; নেহারব।

(খ) জ্ঞানদাস চৈতন্য-পূর্ববর্তী না চৈতন্য-পরবর্তী যুগের কবি ?  
তিনি কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা ?

(গ) নিত্যানন্দ কোন্ মাসের, কোন্ তিথিতে জন্মগ্রহণ করেছিলেন ?

(ঘ) “প্রভু বলে যদি মোর প্রাণরক্ষা চাহ।  
তবে ঝাঁট দুই ব্রাহ্মণের ঘর যাহ ॥”  
এই দুই ব্রাহ্মণ কে কে ?

(ঙ) চট্টগ্রামে জন্মেছেন এমন দুজন বৈষ্ণবের নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) “কোথায় পরাণনাথ বলি খেনে কান্দে।  
পূর্ব বিরহ-স্বরে থির নাহি বান্ধে ॥”  
এখানে ‘পূর্ব বিরহ-স্বরে’ কাব্যংশটির তাৎপর্য বিষয়ে যা  
জানো, লেখো।

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“রাপে ভরল দিটি সোঙরি পরশ মিতি  
পুলক না তেজই অঙ্গ।  
মোহন মুরলী রবে শ্রুতি পরিপূরিত  
না শুনে আন পরসঙ্গ ॥”

(গ) তাৎপর্য বিশ্লেষণ করো :

“এ যোর রজনী মেঘের ঘটা  
কেমনে আইল বাটে।  
আঙ্গিনার মাঝে বঁধুয়া ভিজিছে।  
দেখিয়া পরাণ ফাটে ॥”

(ঘ) নবদ্বীপের ব্রাহ্মণরা বালক চৈতন্যের বিরুদ্ধে তাঁর বাবার  
কাছে যে অভিযোগ করেছিলেন তা সংক্ষেপে লেখো।

(ঙ) টীকা লেখো :

ঈশ্বরপুরী অথবা নিত্যানন্দ

(চ) মহাপ্রভুর বাল্যলীলা বর্ণনায় দুই চোরের কাহিনিটি সম্বন্ধে যা  
জানো, লেখো।

ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর লেখো :

১০×৪=৪০

ক—গুচ্ছ

৪। (ক) গৌরাসঙ্গ-বিষয়ক পদ ও গৌরচন্দ্রিকার পদের মধ্যে কোনো  
পার্থক্য আছে কি ? উদাহরণসহ তোমার বক্তব্য বুঝিয়ে  
দাও।

(খ) তোমার পঠিত ‘বৈষ্ণব পদাবলী’ গ্রন্থ থেকে উদাহরণ দিয়ে  
‘পূর্বরাগ’ পর্যায়ে চণ্ডীদাসের কৃতিত্ব বিশ্লেষণ করো।

- (গ) মাথুর পর্যায়ে পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্ব তোমার পঠিত পদ অবলম্বনে আলোচনা করো ।
- (ঘ) “মানুষের হৃদয়ের যে প্রবৃত্তি মৌলিক সেই ভালো লাগাকে চিরন্তন করিয়া ভালোবাসিবার ঈশ্বা বৈষ্ণব পদাবলীর প্রেরণার উৎস ।” তোমার পঠিত অংশ থেকে উপযুক্ত উদাহরণ দিয়ে মন্তব্যটির সার্থকতা নির্ণয় করো ।

খ—৩৩

- ৫। (ক) ‘চৈতন্যভাগবত’ গ্রন্থে একটি বিশেষ যুগের সমাজচিত্র কীভাবে ফুটে উঠেছে তা আলোচনা করে দেখাও ।
- (খ) “শ্রীচৈতন্যের ভাগবতী তনুর অন্তরালবতী মানবিক সত্তাটিকে বৃন্দাবনদাস বিশেষ কৃতিত্বের সঙ্গে পরিস্ফুট করেছেন ।” মন্তব্যের সারবত্তা প্রতিপন্ন করো ।
- (গ) চৈতন্যের বাল্যলীলা বর্ণনায় বৃন্দাবনদাস চৈতন্যের দুর্বীর দুরন্তপনার যে চিত্রগুলো উপস্থাপিত করেছেন তার বিবরণ দাও ।
- (ঘ) “শ্রীচৈতন্যের বাল্যজীবনের মধ্যে বৃন্দাবনদাস শ্রীকৃষ্ণের বাল্যজীবনেরই রূপভেদ দেখেছিলেন ।” ‘চৈতন্যভাগবত’ গ্রন্থের পঠিত অংশ অবলম্বনে আলোচনা করো ।

★ ★ ★